

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭৬৭

পরিচ্ছেদঃ একাধারে সাওম পালন করা।

باب مَا جَاءَ فِي سَرْدِ الصَّوْم

## আরবী

حَدَّتَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، حَدَّتَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ، عَنْ حُمَيْدٍ، عَنْ أَنَسِ بْنِ مَالِكِ، أَنَّهُ لاَ سُئِلَ عَنْ صَوْمِ النَّبِيِّ، صلى الله عليه وسلم قَالَ كَانَ يَصنُومُ مِنَ الشَّهْرِ حَتَّى نَرَى أَنَّهُ لاَ يُرِيدُ أَنْ يَصنُومَ مِنْهُ شَيْئًا وَكُنْتَ لاَ تَشَاءُ أَنْ يُرِيدُ أَنْ يَصنُومَ مِنْهُ شَيْئًا وَكُنْتَ لاَ تَشَاءُ أَنْ تَرَاهُ مِنَ اللَّيْلِ مُصلِّيًا إِلاَّ رَأَيْتَهُ مُصلِّيًا وَلاَ نَائِمًا إِلاَّ رَأَيْتَهُ نَائِمًا . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

## বাংলা

৭৬৭. আলী ইবনু হুজুর (রাঃ) ...... আনাস ইবনু মালিক (রাঃ) থেকে বর্ণিত যে, তাকে একবার নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সাওম সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বললেন, প্রতি মাসে তিনি যখন সাওম পালন করতে থাকতেন তখন মনে হত যে বুঝি আর সাওম ছাড়ার কোন ইচ্ছা নাই। এভাবে যখন তিনি সাওম ছাড়তেন তখন মনে হত তাঁর বুঝি আর এই মাসের সাওম পালনের ইচ্ছা নাই। তাকে যদি তুমি রাত্রে সালাত (নামায/নামাজ) রত অবস্থায় ছাড়া দেখতে না চাইতে তবে সে অবস্থায়ই দেখতে পেতে আর যদি নিদ্রারত অবস্থায় ছাড়া দেখতে না চাইতে তবে সে অবস্থায়ই দেখতে পেতে। - বুখারি ১৯৭২, মুসলিম ৩/১৬২, সালাতের বাক্যাংশ বাদে সংক্ষিপ্তভাবে, তিরমিজী হাদিস নম্বরঃ ৭৬৯ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন,এই হাদীসটি হাসান-সহীহ।

## **English**

Jafar bin Humaid narrated that:

Anas bin Malik was asked about the Prophet's fasting and he said: "He would fast during a month until we thought that he did not want to abstain from fasting during any of it. And, he would not fast during a month until we thought that he did not want to fast during any of it. (There was no time)



that I wanted to see if he was performing Salat during the night, except that I would see him praying, nor to see him sleeping, except that I would see him sleeping."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন